ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৯৬

খোয়াই, ২৩ এপ্রিল, ২০২৫

**গত অর্থবছরে খোয়াই জেলায় ৫,৩৬২ স্বসহায়ক দল গঠিত**

ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের উদ্যোগে গত অর্থবছরে খোয়াই জেলার ৬টি ব্লক এলাকায় ৫,৩৬২টি স্বসহায়ক দল গঠন করা হয়েছে। এরমধ্যে তেলিয়ামুড়া ব্লক এলাকায় ১,১৭০টি, তুলাশিখর ব্লকে ৯৯৫টি, কল্যাণপুর ব্লকে ৮১৩টি, পদ্মবিল ব্লকে ৬৪০টি, মুঙ্গিয়াকামী ব্লকে ৫০৩টি ও খোয়াই ব্লকে ১,২৪১টি স্বসহায়ক দল গঠন করা হয়েছে। ৬টি ব্লক এলাকার ৪৮ হাজার ৪৪২টি পরিবার এই স্বসহায়ক দলগুলির আওতায় এসেছেন। দলগুলির মধ্যে প্রথম গ্রেডেশন পাওয়া (রিভলভিং ফান্ড) ৪,৪৭০টি স্বসহায়ক দলকে ৮ কোটি ৯০ লক্ষ ৮৫ হাজার টাকা প্রদান করা হয়েছে। এছাড়া ৬টি ব্লক এলাকার ১৮টি ক্লাস্টার লেভেল ফেডারেশনের আওতাধীন ৪ হাজার ৪৬৫টি স্বসহায়ক দলকে দল গঠনের ৬ মাস অন্তর সেকেন্ড গ্রেডেশন হিসেবে মাইক্রো ক্রেডিট প্ল্যানে ৫৬ কোটি ২১ লক্ষ ১৯ হাজার টাকা প্রদান করা হয়েছে। খোয়াই জেলা মিশন ম্যানেজমেন্ট আধিকারিকের কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

******